

যুগান্তর

শিক্ষার্থীদের উৎসাহিত করতে বৃত্তি একটি মহৎ উদ্যোগ

-মুহম্মদ শফিকুর রহমান এমপি

প্রকাশ : ১৭ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ফরিদগঞ্জ (চাঁদপুর) প্রতিনিধি

চাঁদপুর-৪ (ফরিদগঞ্জ) আসনের সংসদ সদস্য মুহম্মদ শফিকুর রহমান বলেছেন, আগামীর বাংলাদেশ গড়তে একটি মেধাবী জাতি প্রয়োজন। তাই আমাদের প্রয়োজন একঝাঁক মেধাবী মুখ। মেধাবী মুখ তথা শিক্ষার্থীদের উৎসাহিত করতে সরকারের পাশপাশি সামাজিক ও ব্যক্তিগত পর্যায়ে এগিয়ে আসা উচিত। শিক্ষার্থীদের উৎসাহিত করতে শিক্ষাবৃত্তি একটি মহৎ উদ্যোগ। ফরিদগঞ্জ উপজেলার সুবিদপুর শিক্ষা ও সমাজ উন্নয়ন সংঘ শিক্ষাবৃত্তির আয়োজন করেছে তা একটি মহৎ উদ্যোগ। আশা করছি ফরিদগঞ্জকে এগিয়ে নিতে তাদের মতো অন্যরাও এগিয়ে আসবেন। বুধবার দুপুরে ফরিদগঞ্জ উপজেলার সুবিদপুর পূর্ব ইউনিয়নের সুবিদপুর শিক্ষা ও সমাজ উন্নয়ন সংঘ আয়োজিত শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সংগঠনের সভাপতি বেলায়েত হোসেনের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মো. ফজলুল করিম পাটওয়ারী।

বিশেষ অতিথি ছিলেন আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ উপ-কমিটির সদস্য খাজে আহম্মদ মজুমদার, ফরিদগঞ্জ থানার ওসি আবদুর রাকিব, উপজেলা যুবলীগের আহ্বায়ক আবু সুফিয়ান শাহীন, যুগ্ম আহ্বায়ক হেলাল উদ্দিন, বড়গাঁও উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিক উল্লাহ, উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি বিল্লাল হোসেন পাটওয়ারী প্রমুখ। আলোচনা শেষে কৃতী শিক্ষার্থীদের হাতে বৃত্তির অনুদান তুলে দেন অতিথিরা।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।